



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং- ওএম-০৬সি-১/২০১১/ ৭৭৬৭


তারিখ: ০৮/০৮/২০১১ খ্রি.

বিষয়: ৪১তম বি.সি.এস পরীক্ষার মাধ্যমে বিভিন্ন ক্যাডারের প্রবেশ পদে নিয়োগের জন্য ক্যাডার নিয়োগ বিজ্ঞপ্তি জারিকরণ সংক্রান্ত।

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৭.১১. ০০১.২০১৮-২০৬, তারিখ: ২২/০৭/২০১১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে, ৪১ তম বি.সি.এস. এর মাধ্যমে পূরণযোগ্য বি.সি.এস (সাধারণ শিক্ষা) ক্যাডারের বর্ণিত ৫টি বিষয়ের প্রভাষক পদের চাহিদা জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। সাধারণ শিক্ষা ক্যাডারের উক্ত ৫টি পদ প্রফেশনাল/কারিগরি ক্যাটাগরির হওয়ায় (প্রভাষক-উচ্চাঙ্গ সঙ্গীত, লোক সঙ্গীত, রবীন্দ্র সঙ্গীত, নজরুল সঙ্গীত ও যন্ত্র সঙ্গীত) এসব পদের প্রার্থীদের ২০০ নম্বরের পদ সংশ্লিষ্ট বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করার বিষয়ে নিম্নোক্ত তথ্যসমূহের সুস্পষ্ট মতামত ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- ক) এ সকল বিষয়ে বিশ্ববিদ্যালয়সমূহে স্নাতক (সম্মান/স্নাতকোত্তর) ডিগ্রী প্রদান করা হয় কিনা;
খ) উল্লিখিত ৫টি বিষয়ের পরীক্ষার নিমিত্ত পদ সংশ্লিষ্ট বিষয় কী হবে;
গ) কোন বিষয়ের স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রীধারী প্রার্থীগণ উল্লিখিত বিষয়ে আবেদন করার যোগ্য বিবেচিত হবে।



(এ, কে, এম মাসুদ-১৩৪৭০)
সহকারী পরিচালক (কলেজ-১)
ফোন নং- ৪১০৫০১১৭

অধ্যক্ষ
সরকারি সংগীত কলেজ
ঢাকা।